দৈনিক
জনকণ্ঠ

তারিখ 14 NOV 2017
পৃষ্ঠা ৩ কলাম ৩

# ক্যাডেট কলেজে ভর্তি পরীক্ষার আবেদন ফি দেয়া যাবে বিকাশে

দেশের ১২ ক্যাডেট কলেজে ভর্তি পরীক্ষার আবেদন ফি প্রদান করা যাবে বিকাশে। ভর্তিচ্ছু শিক্ষার্থী বা তাদের অভিভাবকরা www.cadetcollege.army.mil.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করে বিকাশের মাধ্যমে পেমেন্ট করতে পারবেন আবেদন ফি। আগামী ১০ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন করা এবং আবেদন ফি পেমেন্ট করা যাবে বিকাশে। ক্যাডেট কলেজসমূহে ভর্তির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী বছরের ৫ জানুয়ারি।

বিকাশে পেমেন্ট করতে ব্যবহারকারীকে প্রথমে *২৪৭# এ ডায়াল করে বিকাশ মেন্যুতে যেয়ে '৩' সিলেক্ট করলে 'পেমেন্ট' অপশনে যাওয়া যাবে। এরপর ক্যাডেট কলেজে আবেদন ফির জন্য নির্ধারিত বিকাশ মার্চেন্ট একাউন্ট নম্বর '০১৭০৮৩৬৩৮৪৯'-এ টাকা প্রেরণ করতে হবে এবং তারপর বেশ কিছু ইন্টার্যাক্টিভ ধাপ অনুসরণ করে লেনদেনটি সম্পন্ন করতে হবে। লেনদেন সম্পন্ন হওয়ার পর গ্রাহক এ সংক্রান্ত একটি এসএমএস নোটিফিকেশনস পাবেন। ক্যাডেট কলেজ ভর্তি পরীক্ষার আবেদনপত্র পূরণ পদ্ধতি এবং ফি সম্পর্কে বিস্তারিত জানা যাবে www.cadetcollege.army.mil.bd. –বিজ্ঞপ্তি